দৈনিক
# ইত্তেফাক

তারিখ ... 11 FEB 2015
পৃষ্ঠা: ১৪ ... কলাম ৬



মতলব উত্তর (চাঁদপুর) : ফরাজীকান্দি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীরা খোলা আকাশের নীচে পাঠ নিচ্ছে — ইত্তেফাক

## শ্রেণী কক্ষের অভাবে মতলবে স্কুল মাঠে শিশুদের লেখাপড়া

■ মতলব উত্তর (চাঁদপুর) সংবাদদাতা

চাঁদপুরের মতলব উত্তর উপজেলায় কোমলমতি শিশুরা স্কুল মাঠে লেখাপড়া করছে। শ্রেণীকক্ষের অভাবে উপজেলার ফরাজীকান্দি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে বাধ্য হয়ে এ অবস্থায় লেখাপড়া করতে হচ্ছে। স্কুল মাঠে চটের মধ্যে বসে পাঠ গ্রহণ কার্যক্রমে অংশ নেয়া কয়েকজন শিক্ষার্থীর সাথে কথা হলে তারা জানায়, এভাবে মাটিতে বসে লেখাপড়া করতে ভাল লাগে না।

স্কুলের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক আব্দুর বাতেন প্রধান জানান, নতুন ভবনের জন্য একাধিকবার উর্ধ্বতন কর্তৃপক্ষকে লিখিতভাবে অবহিত করলেও অদ্যাবধি সুফল পাইনি। স্কুল পরিচালনা কমিটির সভাপতি ফারুক আহমদ তিতাস বলেন, স্কুলের বর্তমান ভবনটিও জরাজীর্ণ।

উপজেলা শিক্ষা অফিসার সিরাজুল ইসলাম বলেন, এই উপজেলায় নতুন ভবন নির্মাণের তালিকায় ফরাজীকান্দি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নাম দেয়া আছে, পর্যায়ক্রমে এই স্কুলেরও নতুন ভবনের ব্যবস্থা হয়ে যাবে।